দৈনিক জনকণ্ঠ

14 JAN 1997

2 ৫

05

# ৮৩ কলেজের অধ্যক্ষের স্থগিত সরকারী বেতন প্রদানের নির্দেশ

শিক্ষা সচিব আবদুল্লাহ হারুন পাশা যশোর বোর্ডের অধীন ৮৩টি কলেজের অধ্যক্ষের স্থগিত সরকারী বেতন প্রদানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিয়েছেন। সোমবার অধ্যক্ষের একটি প্রতিনিধি দল সচিবের সাথে দেখা করলে তিনি এ আশ্বাস দেন। একজন উর্ধতন কর্মকর্তাকে তিনি এ বিষয়ে জরুরী ভিত্তিতে পদক্ষেপ নেয়ার দাফতরিক নির্দেশ দেন।

১৯৯৫ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন-সংক্রান্ত জটিলতার জন্য এই ৮৩টি কলেজের অধ্যক্ষের সরকারী বেতন দেয়া এক বছরের বেশি সময় ধরে স্থগিত রয়েছে। এদের মধ্যে ৪৯ জনের বেতন-ভাতা ইতোমধ্যে ছাড় করার নির্দেশ দেয়া হলেও তা কার্যকর হয়নি।

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের নেতৃত্বে মোঃ সফিউদ্দিন, মোঃ রাফিউল আলম, গোলাম মোস্তফা, আবদুর রশীদ, আবদুল গনি শিক্ষা সচিবের সাথে সাক্ষাত করেন।-বিজ্ঞপ্তি।

## শিক্ষক সমিতি ফেডারেশন

শিক্ষক সমিতি ফেডারেশনের নেতৃবৃন্দ ঈদ-উল-ফিতরের আগে বেসরকারী শিক্ষকদের ডিসেম্বর ও জানুয়ারি মাসের বেতনের সরকারী অংশ প্রদানের জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

সোমবার এক বিবৃতিতে তাঁরা বলেন, মধ্য জানুয়ারিতেও শিক্ষক কর্মচারিগণ নবেম্বর পর্যন্ত বেতন পেয়েছেন। ফলে বেসরকারী শিক্ষক কর্মচারিগণ রমজান মাসে অত্যন্ত কষ্টের মধ্য দিয়ে দিনাতিপাত করছেন।-বিজ্ঞপ্তি।